



লন্ডনে ফিলিস্তিনপন্থি বিক্ষোভ, আটক ৪ শতাধিক



সংগৃহীত ছবি

যুক্তরাজ্যের লন্ডনে শনিবার (৬ সেপ্টেম্বর) নিষিদ্ধ ঘোষিত ফিলিস্তিনপন্থি সংগঠন ‘প্যালেস্টাইন অ্যাকশন’-এর পক্ষে আয়োজিত একটি বিক্ষোভকে কেন্দ্র করে ব্যাপক সহিংসতা ছড়িয়ে পড়েছে। ব্রিটিশ পার্লামেন্টের বাইরে প্রায় দেড় হাজার বিক্ষোভকারী জড়ো হলে পুলিশি ধরপাকড় শুরু হয়, এতে ৪ শতাধিক ব্যক্তিকে আটক করা হয়েছে।

ডিফেন্ড আওয়ার জুরিস’ নামের একটি ক্যাম্পেইন গ্রুপের আহ্বানে সাড়া দিয়ে বিক্ষোভকারীরা লন্ডনের রাজপথে নেমে আসে। তাদের প্রধান উদ্দেশ্য ছিল ফিলিস্তিনপন্থি সংগঠন প্যালেস্টাইন অ্যাকশনের ওপর ব্রিটিশ সরকারের নিষেধাজ্ঞা আরোপের বিরুদ্ধে প্রতিবাদ জানানো। বিক্ষোভ চলাকালে তারা ব্রিটিশ সরকারের ইসরায়েলপন্থি ভূমিকার তীব্র সমালোচনা করে এবং গাজার ‘গণহত্যা’ বন্ধের দাবিতে স্লোগান দেয়।

প্রাথমিকভাবে শান্তিপূর্ণভাবে শুরু হওয়া এই কর্মসূচিতে হঠাৎই নিরাপত্তা বাহিনী বাধা দেয়, যার ফলে বিক্ষোভকারীদের সঙ্গে তাদের তীব্র বাগবিতণ্ডা হয়। একপর্যায়ে বিক্ষুব্ধ জনতা পুলিশকে লক্ষ্য করে পানি ও প্লাস্টিকের বোতল নিক্ষেপ করে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ লাঠিপেটা ও ব্যাপক ধরপাকড় শুরু করে। জানা গেছে, পুলিশের এই অভিযানে বয়স্ক ও প্রতিবন্ধীরাও রেহাই পাননি।

চলতি বছরের জুলাই মাসে সন্ত্রাসবিরোধী আইনের অধীনে প্যালেস্টাইন অ্যাকশনকে নিষিদ্ধ ঘোষণা করা হয়েছিল। সংগঠনটির বিরুদ্ধে অভিযোগ ছিল যে তারা রয়্যাল এয়ার ফোর্স ঘাঁটিতে অনুপ্রবেশ করে দুটি সামরিক বিমান ক্ষতিগ্রস্ত করেছে। যদিও সম্প্রতি সংগঠনটি তাদের ওপর আরোপিত নিষেধাজ্ঞার বিরুদ্ধে আদালতে চ্যালেঞ্জ জানানোর জন্য অনুমোদন পেয়েছে।